গাংনীতে জোড়া খুন; তিন জনকে আসামি করে অপর ভাইয়ের মামলা

গাংনীর সানঘাট গ্রামে বোন ও ভাইয়ের স্ত্রীকে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যার ঘটনায় তিনজনকে আসামি করে একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে।

নিহত স্কুল শিক্ষক জাকিউল ইসলাম ইলমার স্বামী জাহিদ হোসেন বাদি হয়ে গাংনী থানায় গতকাল রবিবার দিবাগত রাতে মামলাটি দায়ের করেন। মামলার নং ২৩, তারিখ ১৩/১০/২৪ ইং।

মামলায় প্রধান আসামি করা হয়েছে মহিবুল ইসলাম ওহিদকে। অপর আসামিরা হলেন, ওহিদের স্ত্রী স্কুল শিক্ষক মালা খাতুন ও তার পুকুরের নিরাপত্তা কর্মী একই গ্রামের বিছার উদ্দীনের ছেলে শরিফুল ইসলাম।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ তাজুল ইসলাম ও মামলার বাদি জাহিদ হোসেন এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি মোহাম্মদ তাজুল ইসলাম জানান, মামলার প্রধান আসামি মহিবুল ইসলাম ওরফে ওহিদকে ঘটনার দিন মেহেরপুর সদর উপজেলার আমঝুপি এলাকায় অভিযান চালিয়ে আটক করা হয়েছে। আহতাবস্থায় আটক করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধী নিয়ে আজ সোমবার (১৪ অক্টোবর) সকালে পুলিশ হেফাজতে নিয়েছেন।
মহিবুল ইসলাম ওহিদ স্থানীয় এনজিও সানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক ও ওই গ্রামের আব্দুল আজিজের ছেলে।

নিহতরা হলেন, তার আপন বোন জোছনা খাতুন ও মেঝো ভাই জাহিদ হোসেনের স্ত্রী স্কুল শিক্ষিক জাকিয়া ইসলাম ইলমা।

উল্লেখ্য, গত শনিবার (১২ অক্টোবর) সকাল সাড়ে ১১ টার সময় পৈত্রিক সম্পত্তির ভাগাভাগি ও পুকুরে মাছ ছাড়ার প্রস্তুতিকালে মহিবুল ইসলাম ওহিদ তার বোন জোছনা খাতুন, মেঝো ভাই জাহিদ হোসেন, তার স্ত্রী জাকিউল ইলমা ও ছোট বোন শামীমা খাতুনকে রামদা দিয়ে এলাপাতাড়ি কোপাতে থাকে। ঘটনাস্থলেই জাকিউল ইলমা ও জোছনা খাতুন নিহত হন। গুরুতর আহত হন ভাই জাহিদ হোসেন ও অপরা বোন শামীমা খাতুন।

জোড়া খুনের এই ঘটনাটি এলাকায় এখন আলোচনার শীর্ষে।

“ভাবি ও বোনকে হত্যার দায়ে ভাইয়ের ফাঁসি দাবি করলেন ঘাতকের বোন”

গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জাকিউল ইলমার হত্যাকারী ওহিদুলের দ্রুত বিচার ও দৃষ্টান্তমুলক শাস্তির দাবিতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৪ অক্টোবর) সকাল সাড়ে ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্তরে এই মানববন্ধন কর্মসূচি পালন করে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি গাংনী উপজেলা শাখা।

গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির উপজেলা শাখার সভাপতি পলাশীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্তারুজ্জামান বকুলের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি হাফিজুর রহমান বকুল।

বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির নির্বাহী সভাপতি ও এবাদৎখানা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাওছার আলী, ধানখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মকবুল হোসেন, নওদাহোগলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রহিদুল ইসলাম, খড়মপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইদুল ইসলাম, নিহত শিক্ষক জাকিউল ইসলামার মামা ফেরদৌস আহম্মেদ, ঘাতক ওহিদের বড় বোন বুলবুলি খাতুন, নিহত ইলমার ছোট ভাই ত্বোহা, বড়বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক হাসানুজ্জামান হাসান, সহড়াতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু হেনা মোস্তফা কামাল, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও নিহত ইলমার সহকর্মী মুক্তা খাতুন, হাড়িয়াদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক লাবনী

আক্তার প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, ঘাতক মহিবুল ইসলাম ওহিদের দ্রুত বিচার ও সর্ব্বোচ্চ শাস্তির দাবি জানান।

ঘাতক মহিবুল ইসলাম ওহিদের বোন তার অপর বোন ও ভাবিকে হত্যার দায়ে আপন ভাই মহিবুল ইসলাম ওহিদের ফাঁশি দাবি করেন। শিক্ষকদের আয়োজন মানববন্ধনে বক্তব্য রাখতে গিয়ে তিনি এদাবি করেন। তিনি বলেন, ঘাতক আমার ছোট ভাই। আমি তারপরও তার সর্ব্বোচ্চ শাস্তি দাবি করছি।

নিহত ইলমা গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক।

উল্লেখ্য, গত শনিবার (১২ অক্টোবর) বেলা সাড়ে ১১ টার সময় পৈত্রিক সম্পত্তির ভাগাভাগি ও পুকুরে মাছ ছাড়ার প্রস্তুতিকালে মহিবুল ইসলাম ওহিদ তার বোন জোছনা খাতুন, মেঝো ভাই জাহিদ হোসেন, তার স্ত্রী জাকিউল ইলমা ও ছোট বোন শামীমা খাতুনকে রামদা দিয়ে এলাপাতাড়ি কোপাতে থাকে। ঘটনাস্থলেই জাকিউল ইলমা ও জোছনা খাতুন নিহত হন। গুরুতর আহত হন ভাই জাহিদ হোসেন ও অপরা বোন শামীমা খাতুন।

ঘাতক মহিবুল ইসলাম ওহিদ সানঘাট গ্রামের দাড়ের পাড়া এলাকার আব্দুল আজিজের ছেলে ও স্থানীয় এসজিও সানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক।

হত্যাকন্ড ঘটিয়ে ঘাতক মহিবুল ইসলাম ওহিদ রক্তমাখা শরীরে মাঠ দিয়ে পালিয়ে যাওয়ার সময় আমঝুপি এলাকা থেকে ডিবি ও গাংনী থানা পুলিশের যৌথ অভিযানে আটক হন। বর্তমানে সে পুলিশী প্রহারায় মেহেরপুর ২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

জানা গেছে,, পৈতৃকি সম্পত্তি নিয়ে ভাই বোনদের মধ্যে দীর্ঘদিন যাবৎ মামলা মোকদ্দমা চলে আসছিলো। আজ সকালে নিহত জোছনা খাতুন অপর বোন শামীমা খাতুন পিতার ১ একর ২৭ শতক জমির পুকুরে মাছ ছাড়তে এসেছিলেন। সকালে সবাই মিলে বাড়িতে মিমাংসায় বসেছিলেন। মিমাংসার এক পর্যায় বোন জোছনা খাতুন, শামীমা খাতুন, মেঝো ভাই জাহিদ ও তার স্ত্রী জাকিউল ইলমা পুকুরে মাছ ছাড়তে যান। এসময় মহিবুল ইসলাম ওহিদ ধারাল রামদা দিয়ে তাদের একের পর এক কোপাতে থাকেন। এতে ঘটনাস্থলেই নিহত হন বোন জোছনা খাতুন ও ভাইয়ের স্ত্রী গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (বরখাস্ত)

নির্যাতন করেছে। শুধু ভাই বোনকেই নয়, এলাকার অনেক মানুষকে সে মামলা দিয়ে হয়রানি করেছে। সে যখন গাংনী থেকে গ্রামে আসে তার ব্যাগের মধ্যে সব সময় রামদা ও বড় সাইজের দা থাকে। ভাই বোন কিছু বললে তাদের হত্যা করবে বলে হুমকী দিয়ে আসছিল।

বদলির আদেশ পেয়ে তড়িঘড়ি করে ১২ জনকে ভেণ্ডার লাইসেন্স প্রদান

গত ৩০ বছরে মেহেরপুরে ভেণ্ডার লাইসেন্স (জুডিশিয়াল, নন জুডিশিয়াল স্ট্যাম্প, টিকিট বিক্রেতা) পেয়েছেন ৫২ জন। তার মধ্যে চলতি ২০২৪-২৫ অর্থ বছরেই পেয়েছেন ১২ জন। আওয়ামী লীগ সরকার পরিবর্তনের পরে বদলির আদেশ পেয়ে এ কাজ করেছেন সদ্য বিদায়ী ডিসি মো: শামীম হাসান।

অভিযোগ পাওয়া গেছে, বিনামূল্যের ভেণ্ডার লাইসেন্স পেতে এ ১২ জনের জনপ্রতি লেগেছে লক্ষাধিক টাকা। ৩০ বছরের রেকর্ড ভেঙে একই বছরে মোটা অংকের অর্থ নিয়ে ১২ জনকে ভেণ্ডার লাইসেন্স দিয়েছেন তিনি। বদলি হওয়ার আগে সুকৌশলে তিনি একাজটি করে মেহেরপুর থেকে বিদায় নিয়েছেন। অথচ বছরের পর বছর আবেদন করেও অনেকেই পাননি লাইসেন্স। এমন আবেদনকারীর সংখ্যাও রয়েছে শতাধিক। এছাড়াও ভেন্ডার লাইসেন্স নবায়ন করতেও এলআরফাণ্ডের নামে নিয়েছেন অতিরিক্ত অর্থ। প্রতি অর্থ বছরে ২ থেকে ৩ জন বা কোন অর্থ বছেও সর্বোচ্চ ৬ জন নিবন্ধন পেলে আলাদিনের চেরাগের মত ২০২৪-২৫ চলমান অর্থবছরে নিবন্ধন পেয়েছেন ১২ জন। যা নিয়ে সংশ্লিষ্টদের মধ্যে ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন ভেণ্ডার অভিযোগ করেন সদ্য বিদায়ী জেলা প্রশাসক মোটা অংকের আর্থিক সুবিধা নিয়ে অনেকগুলো ভেন্ডার লাইসেন্স দিয়ে চলে গেছেন। এ ধরণের একটি খবর আসলে তা যাচাইয়ের জন্য জেলা প্রশাসকের কাছে স্ট্যাম্প ভেণ্ডারের নিবন্ধন তালিকা চেয়ে আবেদন করা হয়। আবেদনের প্রেক্ষিতে জেলা প্রশাসন থেকে একটি তালিকা সরবরাহ করা হয়।

[illegible]

[illegible]

[illegible]

লাইসেন্স পাওয়া ওই ব্যক্তির সাথে বসা হয় লাইসেন্স কিভাবে পেতে হয় তা জানতে। কথোপকথনের এক পর্যায়ে তিনি বলেন, আবেদন করে যোগাযোগ করলে লাইসেন্স পাওয়া যায়। ডিসির এল আর ফান্ডে বেশ কিছু টাকা জমা দিতে হয়। তিনিও সেখানে টাকা জমা দিয়েছেন। গত ৫ সেপ্টেম্বর তারিখ দিয়ে জেলা প্রশাসকের সাক্ষর করা লাইসেন্স তিনি পেয়েছেন ১৭ সেপ্টেম্বর। তবে কত দিয়েছেন এ প্রশ্ন করা হলে তিনি বলেন ভালোই দিয়েছি। প্রশ্ন করা হয় বিভিন্ন জনের মাধ্যমে জানা যাচ্ছে ৮০ হাজার থেকে এক লক্ষ টাকা লেগেছে, আপনারও কি এই পরিমান লেগেছে, জবাবে তিনি বলেন, আমার একটু কম লেগেছে।

মেহেরপুর জেলা জজ কোর্টের আইনজীবী আল মামুন অনল বলেন, ভেণ্ডার লাইসেন্স ডিসিরা তাদের ক্ষমতায় দেন। তবে একই অর্থবছরে এর আগে এতজন লাইসেন্স পাননি। এবছর এতজনকে লাইসেন্স দেওয়ার পেছনে অনৈতিক দূরভিসন্ধি রয়েছে এটা ধরে নেওয়ায় যায়। সরকার পরবর্তিনের পর সাবেক জেলা প্রশাসক বদলি হওয়ার আগে অতি গোপনে এতজনকে লাইসেন্স দিয়ে গেছেন। এর সুষ্ঠ তদন্ত হওয়া প্রয়োজন।

এ বিষয়ে সাবেক জেলা প্রশাসন মো: শামীম হাসানের সাথে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি ফোন রিসিভ করে কথা না বলে কেটে দেন। পরে আবার ফোন দেওয়া হলে তিনি রিসিভ করেননি।

মেহেরপুরে তামাক চাষিদের কার্ড বাতিলের প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুরে ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (বিএটি) এর রিজিউনাল লিফ ম্যানেজার হাসিবুর রহমান, এরিয়া লিফ ম্যানেজার সাইফুল ইসলাম, সহকারী লিফ ম্যানেজার কামরুজ্জামান তুহিন, এফটি মোজাম্মেল হকের বিরুদ্ধে আবারও মানববন্ধন করেছেন মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নে কাংলীগাংনী গ্রামের কার্ড বঞ্চিত তামাক চাষিরা।

গতকাল রবিবার বিকেলে কালিগাংনী তিন রাস্তা মোড়ে ভুক্তভোগী তামাক চাষিরা মানববন্ধন কর্মসূচি পালন করেন।

মানববন্ধনে উপস্থিত ছিলেন, কালি গাংনী গ্রামের লিফ রিজনের তামাক চাষী রমজান আলী,আখের আলী, সাকের আলী, ইমারুল ইসলাম, সোহেল হোসেন, রিপন আলী, জিয়ারুল ইসলাম, পিকলু, আশরাফুল ইসলাম, আলামিন হোসেনসহ অনেকে।

এ ব্যাপারে মেহেরপুর ব্রিটিশ টোব্যাকো কোম্পানির (আর এম) হাসিবুর রহমানের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোন রিসিভ না করায় মন্তব্য লেখা সম্ভব হয়নি।

গাংনীতে গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

২ কেজি ভারতীয় গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ গাংনী ক্যাম্পোর সদস্যরা।

আটকরা হলেন, গাংনী উপজেলার নওয়াপাড়া গ্রামের মতৃ আজিম বকসের ছেলে ইন্তাজুল ইসলাম (৪৬) ও সাহারবাটী গ্রামের মৃত রুস্তম আলীর ছেলে আনোয়ার হোসেন (৩৭)।

আজ রবিবার (১৩ অক্টোবর) বিকেলে গাংনী পৌর এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করেন র্যাব সদস্যরা।

র্যাব-১২ সিপিসি গাংনী ক্যাম্পের কমান্ডার সহকারি পুলিশ সুপার এনামুল হক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মাদক ব্যবসায়ীরা গাঁজা নিয়ে গাংনী পৌর এলাকার ৬ নং ওয়ার্ডের আরাফ এন্টারপ্রাইজের সামনে অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে র্যাবের একটি দল সেখানে অভিযান চালান। সে সময় র্যাবের উপস্থিতি টের পেয়ে তারা পালানোর চেষ্টা করেন। এসময় র্যাব সদস্যরা দুই কেজি গাঁজাসহ ইন্তাজুল ইসলাম ও আনোয়ার হোসেনকে আটক করেন।

আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা একটি নিয়মিত

মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

সাংবাদিক শাহীনের পিতা আব্দুর রহমানের ইন্তেকাল

মেহেরপুর জেলা প্রেসক্লাবের গণযোগাযোগ বিষয়ক সম্পাদক দৈনিক জবাদিহি পত্রিকার সাংবাদিক এ সিদ্দিকী শাহীন এর পিতা মো আব্দুর রহমান আজ রবিবার বিকাল ৩ টা ৩০ মিনিটে ইন্তেকাল করেছেন(ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহির রাজিউন)।

বার্ধক্য জনীত কারনে তার তার মৃত্যু হয়। মৃত্যুকালে তার বয়স ৯৬ বছর।

তিনি ৯ ছেলে ও ১ মেয়েসহ দুনিয়াতে অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। আব্দুর রহমান দীর্ঘদিন সাব রেজিস্টার অফিসের মহুরার পেশায় নিয়োজিত ছিলেন। আব্দুর রহমানের বড় ছেলে আলকামা সিদ্দিকী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রনালয়ের সচিব ছিলেন।

আব্দুর রহমানের মৃত্যুতে মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম,সাধারণ সম্পাদক মাহাবুব চাঁন্দু,সহ সকল সাংবাদিক শোক সংতপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

মুজিবনগরে “আগামী প্রজন্মকে সক্ষম করি দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিপাদ্যে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৪। মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে এবং উপজেলা

দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ এর বাস্তবায়নে,আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষ্যে র্যালি, আলোচনা সভা, ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়েছে।
দিবসটির পালন উপলক্ষে সকালে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে একটি বর্ণাঢ্য রেলি উপজেলা পরিষদ থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয় সেখানে উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্সের তত্ত্বাবধানে ভূমিকম্প ও অগ্নি নির্বাপক মহড়া অনুষ্ঠিত হয়। বিশেষ করে ভাসমান পানির উপরে লাগা আগুন কিভাবে নেভাতে হয় গ্যাস সিলিন্ডারে লাগা আগুন কিভাবে নেভাতে হয় এবং বহুতল ভবনে অগ্নিকাণ্ড ঘটলে ফায়ার ফাইটাররা কিভাবে আগুন নির্বাপন করে তার মহড়া অনুষ্ঠিত হয়।
পরে উপজেলা পরিষদ মিলোনায়তনে দিবস টি উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ও প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলমের সঞ্চালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
র্যালী ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ তদন্ত আমিনুল ইসলাম, উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স কর্মকর্তা শাহজাহান আলী, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্সসহ উপজেলার কর্মকর্তা কর্মচারী এবং মুজিবনগর শিশু পরিবারের ছাত্র-ছাত্রীরা।
এ সময় বক্তরা বলেন, যে কোনো দুর্যোগে যথাযথ পূর্বাভাস, প্রস্তুতির মাধ্যমে ঝুঁকিহ্রাস করে জনগণের জানমালের ক্ষতি কমিয়ে আনা সম্ভব। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বহুমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে। বর্তমান সরকারের নীতি পরিকল্পনায় ইতোমধ্যে দুর্যোগ কালীন বিভিন্ন ব্যবস্থাপনার মাধ্যমে ঝুঁকি হ্রাস কৌশল অন্তর্ভুক্ত হয়েছে এবং সবধরনের দুর্যোগ মোকাবেলায় সরকার বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করছে।
দুর্যোগ মোকাবেলায় এসব কর্মপরিকল্পনা গ্রহণ করায় বহিঃর্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে এবং দুর্যোগ ব্যবস্থাপনায় আমাদের সক্ষমতার পরিচিতি বৃদ্ধি পেয়েছে।

মেহেরপুরে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস পালিত

”আগামী প্রজন্মকে সক্ষম করি, দূর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে

মেহেরপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৪ পালিত হয়েছে।

আজ রবিবার (১৩ অক্টোবর) সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসন কার্যালয় চত্বরে এসে শেষ হয়। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।



এ সময় স্থানীয় সরকার উপপরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মু: তানভীর হাসান রুমান, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (নেজারত শাখা, ট্রেজারি শাখা, ত্রাণ ও পুনর্বাসন শাখা) মোঃ সাজেদুল ইসলাম, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (রেকর্ডরুম শাখা, আইসিটি শাখা) মোঃ হাবিবুর রহমান, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (শিক্ষা শাখা, তথ্য ও অভিযোগ শাখা, অভিযোগ নিষ্পত্তি সেল) শেখ তৌহিদুল কবীর, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, জেলা ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শামীম রেজাসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভার আগে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক মহড়া প্রদর্শিত করা হয়।

মেহেরপুরে পুলিশের খুলনা রেঞ্জ ডিআইজির বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন

খুলনা রেঞ্জের পুলিশের ডিআইজি রেজাউল হকসহ প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা মেহেরপুরের বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেছেন।

গতকাল শনিবার বিকাল পাঁচটার সময় মেহেরপুর শহরের নায়েব বাড়ি পূজা মণ্ডপ পরিদর্শন করেন এবং সনাতন ধর্মাবলম্বীদের সাথে শূভেচ্ছা বিনিময় করেন। পরে শহরের কালীবাড়ি মন্দির পরিদর্শন করেন ডিআইজি সহ পুলিশের কর্মকর্তাবৃন্দ।

এ সময় পূজা মন্ডপের দায়িত্বে থাকা সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময় করেন পূজা মন্ডপগুলিতে আগত ভক্তদের সাথেও কথা বলেন তিনি বলেন সারদীয় দুর্গাপূজার শুভেচ্ছা জ্ঞাপন ও উৎসব মুখর পরিবেশে সকল পূজা উদযাপনের আহ্বান জানান।

এ সময় ডিআইজি রেজাউল হক বলেন, সারাদেশের মত মেহেরপুরে উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সনাতন ধর্মাবলম্বীদের দুর্গাপূজা উদযাপিত হচ্ছে। কোন অপীতিকার ঘটনা না ঘটে সেজন্য নিরাপত্তায় বলয় তৈরি করা হয়েছে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে।

এ সময় খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি অপারেশন হাসানুজ্জামান, মেহেরপুর পুলিশ সুপার মাকসুদা আক্তার খানমসহ পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মুজিবনগরের মোনাখালীতে মিডা আয়োজিত কুইজ প্রতিযোগিতার

পুরস্কার বিতরণ

মুজিবনগরের মোনাখালীতে মিডা’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত কুইজের পুরস্কার ও শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ এবং আলোচনা অনুষ্ঠান-২০২৪” অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪ টার সময় মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মিডা’র সভাপতি মো: মনিরুল ইসলামের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগের সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক ও মিডা’র উপদেষ্টা আনারুল ইসলাম, রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (সাবেক) প্রধান শিক্ষক ও মিডা’র উপদেষ্টা মো: ফিরাতুল ইসলাম, মিডা সাধারণ পরিষদের সদস্য রোকনুজ্জামান বকুল।

এ ছাড়াও উপস্থিত ছিলেন মিডার প্রতিষ্ঠাকালীন সভাপতি হাসানুজ্জামান (সোহাগ), সাবেক সহ সভাপতি মিজানুর রহমান ও রাজু আহম্মেদ, সদস্য ফারিদুল ইসলাম, মাহফুজ ইমন, সম্রাট, রাকিব, আল আয়মান (সোহান), রিফাত বিশ্বাস অন্তর, হামিম বিশ্বাস, তামিম, পলক প্রমুখ।

অনুষ্ঠান শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা, কুইজের উত্তীর্ণ ৯ জনকে পুরস্কৃত ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়।